

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
অধিশাখা/শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা



নম্বর ৩৯.০০.০০০০.০০১.৯৯.০০২.২০.২৯

তারিখ: ৩ মাঘ ১৪২৭

১৭ জানুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান-এর সহধর্মিনীর ইন্তেকাল

অত্যন্ত দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান-এর সহধর্মিনী বুলা আহমেদ আজ রবিবার (১৭ জানুয়ারি) সকাল আনুমানিক ৮:১৫ ঘটিকায় ঢাকা সেনানিবাসের সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। মরহমার নামাজের জানাজা অদ্য ১৭ জানুয়ারি ২০২১ বাদ জোহর আজিমপুর কবরখানা সংলগ্ন মসজিদে অনুষ্ঠিত হবে এবং আজিমপুর কবরখানায় দাফন করা হবে। উক্ত জানাজায় এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে শরীক হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১৭-১-২০২১

মো: ফজলুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০১৭৬

ইমেইল: section1@most.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সকল অফিসার (তার অধীন সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
- ২) সংস্থা প্রধান (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (তার অধীন সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
- ৩) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্, ধানমন্ডি, ঢাকা (তার অধীন সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।